

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ এপ্রিল'২০২৪খ্রি.

ফিরিঙ্গী বাজারে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে  
সিটি মেয়রের পক্ষে নগদ অর্থ ও শাড়ি-লুঙ্গি প্রদান

নগরীর ফিরিঙ্গী বাজার ওয়ার্ডের টেকপাড়া ও এয়াকুব নগরে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে আজ মঙ্গলবার সকালে ওয়ার্ড কার্যালয়ের সম্মুখে সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর পক্ষে প্রত্যেক পরিবারকে নগদ তিন হাজার টাকা ও শাড়ি-লুঙ্গি প্রদান করা হয়।

সিটি মেয়রের পক্ষে নগদ এই অর্থ ও বস্ত্র বিতরণ করেন স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব। এ সময় উপস্থিত ছিলেন কাউন্সিলর পুলক খানসুগীর, সংরক্ষিত কাউন্সিলর বেগম লুৎফুন্নেছা দোভাষ বেবী এবং ওয়ার্ড আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

জাতীয় সংসদের সংরক্ষিত আসনের এমপি  
শামীম আরা লুবনাকে সম্মাননা স্মারক প্রদান করেন মেয়র

মেয়রের সাথে সাংসদ শামীম আরা লুবনার সৌজন্য সাক্ষাৎ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে আজ মঙ্গলবার দুপুরে জাতীয় সংসদের সংরক্ষিত আসনের সংসদ সদস্য শামীম আরা লুবনা সৌজন্য সাক্ষাত করেন। এ সময় মেয়র শামীম আরা লুবনা এমপিকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষে সম্মাননা ট্রেস্ট প্রদান করেন। সাক্ষাৎকালে দেশের উন্নয়নে চট্টগ্রামের ভূমিকা আরো বাড়াতে সংসদ সদস্য শামীম আরা লুবনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন বলে আশা প্রকাশ করেন মেয়র।

এ সময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, ওয়ার্ড কাউন্সিলর হারুনুর রশিদ, গোলাম মোহাম্মদ জোবায়ের, আতাউল্লাহ চৌধুরী প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮